U8

দৈনিক সংবাদ

তারিখ ... AUG 15 1999 ...
পৃষ্ঠা 2 ... কলাম 3 ...

# ছাত্রলীগের দুই গ্রুপে যুদ্ধ চট্টগ্রাম কমার্স কলেজে

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ গতকাল দুপুরে চট্টগ্রাম কমার্স কলেজে ছাত্রলীগের দুই গ্রুপের বন্দুকযুদ্ধে পথচারীসহ ১৫জন আহত হয়েছে। আধ-ঘন্টাব্যাপী বন্দুকযুদ্ধে জড়িত থাকার অভিযোগে পুলিশ ছাত্রলীগের চার কর্মীকে গ্রেফতার করে। ক্যাম্পাসে পুলিশি পাহারা জোরদার করা হয়।

বেলা ১২ টায় ক্যাম্পাসে ছাত্রলীগের দুই গ্রুপের সমর্থকদের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। এর জের ধরে ছাত্রলীগের দু' গ্রুপের জঙ্গি কর্মীরা অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে ক্যাম্পাসে তাদের অবস্থান সুদৃঢ় করে। একপর্যায়ে দু'পক্ষ বন্দুকযুদ্ধে অবতীর্ণ হলে ছাত্রছাত্রীরা দ্রুত ক্যাম্পাস ছেড়ে পালাতে থাকে। পালাতে গিয়ে ৭/৮ জন ছাত্রছাত্রী গুরুতর জখম হয়।

পুলিশ বন্দুকযুদ্ধে লিপ্ত থাকার অভিযোগে ছাত্রলীগের ফয়সাল, জাভেদ, শহীদ ও জাহেদ নামে চার ছাত্রলীগ কর্মীকে গ্রেফতার করেছে। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন জোরদার করা হয়। গুলিবিদ্ধ পথচারী শামসুল আলমকে স্থানীয় একটি ক্লিনিকে ভর্তি করা হয়েছে।